প্রথম আলো

তারিখ 20 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ফাজিল পরীক্ষায় মদীনাতুল উলুম মাদ্রাসার সাফল্য

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিত ফাজিল পরীক্ষায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত হয়েছে তেজগাঁওয়ের মদীনাতুল উলুম মডেল ইনস্টিটিউট মহিলা কামিল মাদ্রাসা। পরীক্ষায় বিভিন্ন বর্ষের ১৫৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১৫৮ জন বিভিন্ন গ্রেডে উত্তীর্ণ হয়েছেন।

গত রোববার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৫ সালের ফাজিল পরীক্ষার ফল প্রকাশিত হয়। এতে মদীনাতুল উলুম মডেল ইনস্টিটিউট মহিলা কামিল মাদ্রাসার প্রথম বর্ষের ৬৩ জন, দ্বিতীয় বর্ষের ৪২ জন ও তৃতীয় বর্ষের ৫৪ জন অংশ নেন। এর মধ্যে 'এ প্লাস' গ্রেড পেয়েছেন আটজন, 'এ' ৬৪ জন, 'এ মাইনাস' ৫৪ জন এবং বাকিরা অন্যান্য গ্রেডে পাস করেছেন।

রহমতে আলম ইসলাম মিশন ট্রাস্ট ও এতিমখানার অধীনে মাদ্রাসাটি পরিচালিত হয়। শিক্ষাপ্রতিষ্ঠানটির মূল ভবনটি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত হওয়ায় তা ভেঙে ১০ তলা নতুন ভবনের নির্মাণকাজ চলছে। মাদ্রাসা কর্তৃপক্ষ ভবনের নির্মাণকাজে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর